# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২০৬

১৫/ কিতাবুল জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ২৫১. কবর সমতল করা।

باب فِي تَسْوِيَةِ الْقَبْرِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ أَبِي فُدَيْكٍ، أَخْبَرَنِي عَمْرُو بْنُ عُثْمَانَ بْنِ هَانِئٍ، عَنِ الْقَاسِمِ، قَالَ دَخَلْتُ عَلَى عَائِشَةَ فَقُلْتُ يَا أُمَّهْ اكْشِفِي لِي عَنْ قَبْرِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَصَاحِبَيْهِ رضى الله عنهما فَكَشَفَتْ لِي عَنْ ثَلاَثَةِ قُبُورٍ لاَ مُشْرِفَةٍ وَلاَ لاَطِئَةٍ مَبْطُوحَةٍ بِبَطْحَاءِ الْعَرْصَةِ الْحَمْرَاءِ قَالَ أَبُو عَلِيٍّ يُقَالُ إِنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم مُقَدَّمٌ وَأَبُو بَكْرٍ عِنْدَ رَأْسِهِ وَعُمَرُ عِنْدَ رِجْلَىْ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم .

বাংলা

৩২০৬. আহমদ ইবন সালিহ (রহঃ) ...... কাসিম (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একদা আমি আইশা (রাঃ)-এর নিকট উপস্থিত হয়ে বলি যে, হে আমার প্রিয় মাতা! আপনি আমার জন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এবং তাঁর দু’জন সঙ্গী [আবূ বকর সিদ্দীক (রাঃ) ও উমার (রাঃ)]-এর কবর উন্মোচন করুন। তখন তিনি আমার জন্য তিনটি কবরের (আবরণ) উন্মোচন করেন, যা বেশী উঁচু ছিল না এবং বেশী নীচুও ছিল না; (বরং মাটি হতে এক বিঘত উঁচু ছিল)। আর এগুলের উপর ময়দানের লাল কাঁকর ছড়ানো ছিল।

রাবী আবূ আলী বলেনঃ এরূপ বলা হতো যে, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সম্মুখ ভাগে; আবূ বকর (রাঃ) তাঁর পবিত্র মাথার নিকট এবং উমার (রাঃ) তাঁর কদম বরাবর অবস্থিত। অর্থাৎ উমার (রাঃ)-এর মাথা রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু’ পা বরাবর অবস্থিত।

## English

Narrated Al-Qasim ibn Muhammad ibn AbuBakr:

I said to Aisha! Mother, show me the grave of the Messenger of Allah (ﷺ) and his two Companions (Allah be pleased with them). She showed me three

graves which were neither high nor low, but were spread with soft red pebbles in an open space.

Abu 'Ali said: It is said that the Messenger of Allah (ﷺ) is forward, Abu Bakr is near his hed and 'Umar is near is feet. His head is at the feet of the Messenger of Allah (ﷺ).

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ কাসিম বিন মুহাম্মাদ (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35313

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন